এই প্রশ্নপত্রটিতে 18 টি প্রশ্ন [বিভাগ-**ক** (5) + বিভাগ-**খ** (4) অথবা বিভাগ-**গ** (9)] এবং 8 টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

**Roll No.**
রোল নং. | | | | | | | | | | | | |

**Code No.** কোড নং. **68/SS/O/B**

**SET/** সেট **A**

# BENGALI

# বাংলা

# (303)

**Day and Date of Examination :** ______________________

(পরীক্ষার দিন ও তারিখ)

**Signature of Invigilators :** 1. ______________________

(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর)

2. ______________________

---

**সাধারণ নির্দেশাবলী :**

**1.** পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং. লিখবেন।

**2.** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও প্রশ্ন সংখ্যা প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

**3.** উত্তর-পুস্তিকার উপরে কোনোরকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং. লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

**4.** আপনার প্রশ্নপত্রের কোড নং. **68/SS/O/B-A** সেট **A** টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।



Unnati Educations
9899436384, 9654279279

# BENGALI

# বাংলা

# (303)

সময় : 3 ঘণ্টা ] [ পূর্ণমান : 100

**দ্রষ্টব্য ঃ**

(i) সমগ্র প্রশ্নপত্রটি **তিন** ভাগে বিভক্ত।

(ii) এখানে মোট **18** টি প্রশ্ন রয়েছে।

(iii) **সব** প্রশ্ন বাধ্যতামূলক।

(iv) প্রতিটি প্রশ্নের জন্য নির্দিষ্ট নম্বর উল্লেখ করা আছে।

(v) প্রশ্ন সংখ্যা **1** থেকে **9** এর অন্তর্গত প্রতিটি প্রশ্নের জন্য **1** নম্বর ধার্য করা আছে। এগুলি মূলত এক শব্দবিশিষ্ট প্রশ্ন, সত্য-মিথ্যা, ছক মেলানো, শূন্যস্থান পূরণ জাতীয়।

(vi) বিভাগ 'গ'-এ 2, 5 ও 6 নম্বরের প্রশ্ন আছে।

(vii) মডিউল I অথবা মডিউল II -এর সমস্ত প্রশ্নের উত্তর প্রদান করতে হবে।

(1) Answers of all questions are to be given in the Answer-Book given to you.
সমস্ত প্রশ্নের উত্তর আপনাকে প্রদান করা উত্তর-পুস্তিকাতেই লিখতে হবে।

(2) 15 minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 2:15 p.m. From 2:15 p.m. to 2:30 p.m., the students will read the questions paper only and will not write any answer on the Answer-Book during this period.
এই প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় ধার্য করা হয়েছে। দুপুর 2:15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 2:15 থেকে 2:30 মিনিট সময়সীমার মধ্যে ছাত্র-ছাত্রীরা কেবল প্রশ্নপত্র পড়বেন, উত্তর-পুস্তিকাতে কোনো উত্তর লিখবেন না।

## বিভাগ - ক

**1.** পাঠ্যক্রম অবলম্বনে প্রথম তালিকার সাথে দ্বিতীয় তালিকার সামঞ্জস্য সাধন করে সঠিক উত্তর নির্বাচন করুন। **1×4=4**

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | আরণ্যক | (i) | কাজী নজরুল ইসলাম |
| (b) | নাজমা | (ii) | শরৎ চন্দ্র চট্টোপাধ্যায় |
| (c) | নারী | (iii) | নবনীতা দেবসেন |
| (d) | সব্যসাচী | (iv) | বিভূতি ভূষণ বন্দ্যোপাধ্যায় |

**2.** নিম্নোক্ত লাইনগুলি বিড়াল প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে। এগুলি ক্রমানুসারে সাজান। **1×4=4**

(a) থামো! থামো মার্জার পণ্ডিত।

(b) সমাজের ধন বৃদ্ধির অর্থ ধনীর ধন বৃদ্ধি।

(c) আমি তোমার ধর্মের সহায়।

(d) পরোপকারী পরম ধর্ম।



Unnati Educations
9899436384, 9654279279

3. 'সব্যসাচী' গল্প থেকে গৃহীত নিম্নোক্ত মন্তব্যগুলি শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তর নির্ণয় করুন। 1×4=4

(i) বয়স ত্রিশ-বত্রিশের অধিক নয়।
(ii) যেমন মোটা তেমনি সবল।
(iii) বুক পকেটে রুমালে বাঘের চিহ্ন আঁকা ছিল।
(iv) জুতো টিকসই করতে আগাগোড়া কাঠের নাল বাঁধানো।

(a) শুদ্ধ, শুদ্ধ, শুদ্ধ, শুদ্ধ
(b) অশুদ্ধ, অশুদ্ধ, অশুদ্ধ, অশুদ্ধ
(c) শুদ্ধ, অশুদ্ধ, শুদ্ধ, অশুদ্ধ
(d) অশুদ্ধ, শুদ্ধ, অশুদ্ধ, শুদ্ধ

4. নিম্নোক্ত প্রথম তালিকার সাথে দ্বিতীয় তালিকার সংযুক্তি ঘটান। 1×4=4

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| (a) শয়ন | (i) দ্বীপ + আয়ন |
| (b) পরিত্যাগ | (ii) √শী + অন |
| (c) গমন | (iii) পরি + √ত্যজ + অ |
| (d) দ্বৈপায়ন | (iv) √গম্ + অন |

5. বন্ধনীর অন্তর্ভুক্ত শব্দভাণ্ডার থেকে উপযুক্ত শব্দের দ্বারা শূন্যস্থান পূরণ করুন। (যেকোন **4** টি) ঃ 1×4=4

(a) আমি যে দেখেছি —— শক্তের অপরাধে। (প্রতিরোধহীন, প্রতিকারহীন, প্রতিরোধ, প্রতিকার)
(b) আমি —— পাই হৃদয় কমলে। (দরশন, দেখা, দর্শন, ছোঁয়া)
(c) সেই —— অনেক অনেক দূরে বাসা। (নারীটির, পুরুষটির, মেয়েটির, ছেলেটির)
(d) একুশের প্রথম —— অলৌকিক ভোর। (ভোর, দিন, প্রভাতফেরি, সকাল)

## বিভাগ - খ

6. নিম্নোক্ত মন্তব্যগুলি থেকে সত্য / মিথ্যা বিচার করুন। (যেকোনো **6** টি) 1×6=6

(a) 'নাজমা' কবিতার রচয়িতা নবনীতা দেবসেন।
(b) 'প্রশ্ন' কবিতায় বাদ্যযন্ত্র হিসাবে উল্লেখ করা হয়েছে সেতারের।
(c) 'পদ্মাবতীর বিবাহমঙ্গল' — প্রাচীন যুগের কবিতা।
(d) বাংলা ভাষা উচ্চারিত হলে কবিতাটির মূল গ্রন্থ 'কবিতার সঙ্গে গেরস্থালি'।
(e) 'মেঘনাদ বধ' কাব্য অমিত্রাক্ষর ছন্দে লেখা।
(f) 'নাজমা' কবিতায় যানবাহন হিসাবে সাইকেলের উল্লেখ আছে।
(g) গীতিকাব্য ধারার উল্লেখযোগ্য শাখা হল — শাক্ত পদাবলী।

7. ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করুন। 1×4=4

(a) পীতাম্বর
(b) পুত্রবধু
(c) আধময়লা
(d) সত্যবাদী



Unnati Educations
9899436384, 9654279279

8. সঠিক উত্তর নির্বাচন করুন। (যেকোনো **4** টি) **1×4=4**

(I) মার্জার শব্দের অর্থ ঃ

(a) কুকুর

(b) বিড়াল

(c) সারমেয়

(d) যেকোনো পশু

(II) 'অতীতের বোঝা'-এর রচয়িতা ঃ

(a) এস. ওয়াজেদ আলি

(b) রবীন্দ্রনাথ

(c) বঙ্কিমচন্দ্র

(d) মীর মোশারফ হোসেন

(III) কমলাকান্তের মতে সমাজের ধন বৃদ্ধির অর্থ ঃ

(a) ধনীর ধন বৃদ্ধি

(b) গরীবের ধন বৃদ্ধি

(c) ধনী-দরিদ্রের ধন বৃদ্ধি

(d) সর্বসাধারণের ধন বৃদ্ধি

(IV) অতীতের বোঝায় রঙ্গমঞ্চ বলতে বোঝায় ঃ

(a) যুদ্ধক্ষেত্র

(b) নাট্যশালা

(c) খেলার মাঠ

(d) রাজসভা

9. সঠিক উত্তর বেছে নিয়ে তথ্যগুলি পূরণ করুন। (যেকোনো **16** টি) **1×16=16**

(a) "নৃপগলে দিতে কন্যা মাগে বরমালা" — কন্যা কে?

(i) মহাদেবী

(ii) পদ্মাবতী

(iii) ইরাবতী

(iv) রম্ভাবতী

(b) বৈষ্ণব পদাবলী কোন যুগের কাব্য?

(i) আদিমধ্য

(ii) অন্তমধ্য

(iii) আদি ও অন্তমধ্য

(iv) এদের কোনটাই নয়



**Unnati Educations**
**9899436384, 9654279279**

(c) 'নারী' কবিতাটি কার লেখা?

(i) রবীন্দ্রনাথ ঠাকুর

(ii) কাজী নজরুল ইসলাম

(iii) জীবনানন্দ দাশ

(iv) মধুসূদন দত্ত

(d) "লুপ্ত করেছে আমার ——— দুঃস্বপনের তলে"। শূন্যস্থান পূরণ করুন।

(i) জীবন

(ii) ভুবন

(iii) দুঃখ

(iv) যন্ত্রণা

(e) নাজমাদের টিভি কিনতে যাবার কথা ঃ

(i) সকালে

(ii) দুপুরে

(iii) বিকেলে

(iv) রাত্রে

(f) সুভাষ কাকিমা কার পুত্রবধু ছিলেন?

(i) খগেন খুড়োর

(ii) গিরিশ খুড়োর

(iii) রামধন খুড়োর

(iv) গিরিন্দ্র খুড়োর

(g) সব্যসাচী রচনায় সব্যসাচী আইন পাশ কোথায় করেছে?

(i) জার্মানিতে

(ii) ফ্রান্সে

(iii) বিলেতে

(iv) আমেরিকায়

(h) প্রত্যয়কে কয়ভাগে ভাগ করা যায়?

(i) তিন

(ii) দুই

(iii) চার

(iv) পাঁচ

(i) "টেরা ইনকগনিটা"-তে লেখিকার দল কখন স্কী করতেন?

(i) দিন বারোটার পর

(ii) রাত বারোটার পর

(iii) সকাল বেলা

(iv) সন্ধ্যা বেলা



Unnati Educations
9899436384, 9654279279

(j) সাঁতার দিয়ে কোন্ নদী পার করার কথা বলা হয়েছে 'সব্যসাচী' গল্পে ?

(i) পদ্মা

(ii) গঙ্গা

(iii) ভাগীরথী

(iv) মহানন্দা

(k) 'অনাচার' গল্পে 'সাফাই' শব্দের অর্থ ঃ

(i) পরিস্কার করা

(ii) ঝাড়ু দেওয়া

(iii) অপরাধ স্বীকার করার বাহানা

(iv) অন্যায়কে প্রশ্রয় দিয়ে পুনরায় অন্যায় করা

(l) 'আরণ্যক' গল্পে যে কালের উল্লেখ আছে ঃ

(i) শীত

(ii) গরম

(iii) বসন্ত

(iv) শরৎ

(m) সাধু ও চলিত মিশ্রিত ভাষাকে কী বলে ?

(i) চন্ডালী দোষ

(ii) গুরু চন্ডালী দোষ

(iii) ভ্রান্ত দোষ

(iv) এদের কোনটাই নয়

(n) "বাংলা ভাষা উচ্চারিত হলে" কবিতায় কবি জোৎস্নার সঙ্গে কিসের তুলনা করেছেন ?

(i) মেঘের

(ii) ফুলের

(iii) উজ্জ্বলতার

(iv) চন্দনের

(o) 'সতীশ কুন্তু' — এই চরিত্রটি কোন গল্পে আছে ?

(i) সব্যসাচী

(ii) টেরা ইনকগনিটা

(iii) অনাচার

(iv) কালাপাহাড়

(p) "ওকে আর ঘরে রাখা হবে না" — 'কালাপাহাড়' গল্পে অংশটির বক্তা ঃ

(i) রংলাল

(ii) যশোদা

(iii) রংলালের স্ত্রী

(iv) এদের মধ্যে কেউ না



Unnati Educations
9899436384, 9654279279

## বিভাগ - গ

**10.** নিম্নোক্ত যেকোনো **3** টি প্রশ্নের একটি মাত্র শব্দে উত্তর লিখুন। **2×3=6**

(a) 'পদ্মাবতী' কাব্য গ্রন্থে একটি শুক পাখির কথা আছে। পাখিটি কার পোষ্য?

(b) মহাকাব্যের দুটি বৈশিষ্ট্য কী কী?

(c) গিরীশ মহাপাত্রের চেহারার কোন বৈশিষ্ট্য সব্যসাচীকে মুগ্ধ করেছিল?

(d) কালাপাহাড় গল্পে কালাপাহাড়ের সাথে কুম্ভকর্ণের কী বিষম বিবাদ বাধত?

**11.** নিম্নোক্ত যেকোনো **4** টি প্রশ্নের উত্তর সংক্ষেপে দিন। (যেকোনো **4** টি) **2×4=8**

(a) চৈতন্য পরবর্তী এবং পূর্ববর্তী সময়ের একজন করে কবির নাম লিখুন।

(b) বাংলা মঙ্গলকাব্যকে কটি শ্রেণিতে ভাগ করা যায় ও কী কী?

(c) বিবাহমঙ্গল কথাটির অর্থ কী?

(d) কালাপাহাড় উন্মাদ হয়ে গিয়েছিল কেন?

(e) সরস্বতী কুন্তী কী?

**12.** নিম্নোক্ত বাক্যগুলি বন্ধনীর অন্তর্ভুক্ত সংকেত অনুসারে রূপান্তর করুন। (যেকোনো **3** টি) **2×3=6**

(a) মিথ্যে কথা বোলোনা। (নির্দেশক)

(b) আমি কোনো উত্তর দিলাম না। (হ্যাঁ বাচক)

(c) আমরা বেরোলাম আর বৃষ্টি শুরু হল। (সরল)

(d) আমি না বললেও সে যাবে। (জটিল)

**13.** নিম্নোক্ত বাক্য-গুচ্ছকে সাধু ভাষায় রূপান্তর করুন। **6**

ক্ষতি হল কিন্তু দেশের। প্রকৃতির এই একটা মহাদোষ যে, সে বক্তৃতা শোনে না। প্রকৃতি কোন্ দয়াময় সর্ব ও ঈশ্বর কর্তৃক রচিত হয়েছে কী অণু-পরমাণুগুলোর উদ্দেশ্যবিহীন আকস্মিক সংযোগ ঘটেছে, সে বিষয়ে দার্শনিকদের মধ্যে মস্ত ভেদ আছে। আমার কিন্তু ধারনা যে বঙ্গদেশীয়দের পক্ষে প্রকৃতির এই বক্তৃতার প্রতি বিরাগই তার অনৈশ্বরিক উদ্দেশ্যহীনতার যথেষ্ট প্রমাণ।

**14.** ফাইলে নোট ম্যাপ নেওয়ার সময় কী কী নিয়ম মানা উচিৎ? **4**

**15.** নিচের অনুচ্ছেদটি / কবিতার অংশটি পড়ে তার সংক্ষিপ্তসার লিখুন। **5**

'সার্থক জনম আমার জন্মেছি এই দেশে
সার্থক জনম মাগো তোমায় ভালোবেসে।
জানিনা তোমার ধন, রতন আছে কিনা রানীর মতন
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় বসে।
কোন বনেতে জানিনে ফুল গন্ধে এমন করে আকুল
কোন বনেতে উঠেরে চাঁদ এমন হাসি হেসে।
আঁখি মেলে তোমার আলো দেখে আমার চোখ জুড়ালো
ঐ আলোতে নয়ন রেখে মুদব নয়ন শেষে।'

**অথবা**



Unnati Educations
9899436384, 9654279279

অতীতকে ভুলে যাও। অতীতের দুশ্চিন্তার ভার অতীতকেই নিতে হবে। অতীতের কথা ভেবে ভেবে অনেক বোকাই মরেছে। আগামী কালের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড়ো হয়ে দাঁড়ায়। ভবিষ্যৎকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও। আজইতো ভবিষ্যৎ। কাল বলে কিছু নেই। মানুষের মুক্তির দিনতো আজই। ভবিষ্যতের কথা ভাবতে বসে সে ভোগে- শক্তিহীনতায়, মানসিক দুঃশ্চিন্তায় ও স্নায়বিক দুর্বলতায়। অতএব অতীতের এবং ভবিষ্যতের দরজায় আগল লাগাও, আর শুরু করো দৈনিক জীবন নিয়ে বাঁচতে।

**16.** যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রতিবেদন রচনা করুন ঃ **5×1=5**

শীতকাল উপলক্ষে আপনার পাড়ার ক্লাবের উদ্যোগে দরিদ্র মানুষদের শীত বস্ত্র প্রদান-এর উপর প্রতিবেদন রচনা করুন।

**অথবা**

৭৫তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে বিবেকানন্দের আবক্ষ মূর্তির উন্মোচন অনুষ্ঠান। এই বিষয়ে প্রতিবেদন রচনা করুন।

## মডিউল - I

**17.** যোকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন। **2×3=6**

(a) গণজ্ঞাপনের চিরাচরিত মাধ্যম বলতে কী বোঝায়?

(b) গণজ্ঞাপনের চিরাচরিত মাধ্যম-এর কোন দেশে এটির নাম 'জনপদম'?

(c) ভারতের প্রথম সংবাদপত্র কোথায় চালু হয়?

(d) সংবাদপত্রটির প্রকৃত এবং ব্যবহারিক নাম উল্লেখ করুন।

(e) কত সালে সংবাদপত্রটি প্রকাশিত হয়?

**18.** চিরাচরিত মাধ্যমের দুটি সুবিধা ও দুটি অসুবিধা উল্লেখ করুন। **2+2=4**

## মডিউল - II

**17.** যোকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন। **2×3=6**

(a) খাজুরাহো ভাস্কর্যের ক্ষতির কারণ কী?

(b) পর্যটনের সমস্যাকে মোট কয়টি ভাগে ভাগ করা যায়?

(c) পর্যটনকে পরিসেবা শিল্প বলা হয় কেন?

(d) গণমাধ্যম সমাজের রুচিবোধকে কিভাবে ক্ষুণ্ণ করে তা নিজের ভাষায় লিখুন।

(e) গণমাধ্যমে প্রচারিত বিজ্ঞাপন কিভাবে সমাজের ক্ষতিসাধন করে তা উদাহরণ সহযোগে বর্ণনা করুন।

**18.** গণমাধ্যমের সংস্কৃতিক সমস্যা উল্লেখ করুন। **2+2=4**

- o O o -



Unnati Educations
9899436384, 9654279279